

Chatim: *Alstonia scholaris* (L.) R.Br.; Family- Apocynaceae

The tree owes several common names reflecting its unique and distinctive characteristics like 'Saptarni' as with the clusters of seven leaves, typically arranged on a single of slender twig, 'The Blackboard Tree' name in English has botanical name, *Alstonia scholaris* (L.)R.Br. associated with 'scholarism' used to make slate frames, black boards, and pencils—tools for learning. The great Nobel laureate Rabindranath Tagore, fascinated by this tree's leaves, began a tradition of awarding them to teachers and students the University of Visva-Bharati during convocation ceremony to resemble its importance in education. It is also known as 'Shaitan ka ped' in Hindi, or 'The Devil's Tree' in English to reincarnation of a demon king in Hindu mythology called 'Bali'. In Indian mythology, during a festival called 'Deepavali' which means the 'festival of lights', Tulu language-speaking indigenous Hindu communities of the Dakshina Kannada district worship the structure formed by a decorated *A. scholaris* branch which is called 'Baliyendra mara' or the tree dedicated to Baliyendra which symbolizes a demon king called 'Bali'.

বাংলায় ছাতিম বৃক্ষটির এই বেশ কয়েকটি সাধারণ নাম রয়েছে, যেমন সাতটি পাতার গুচ্ছের জন্য 'সপ্তপর্ণী'। এটির বিজ্ঞান সম্মত নাম হল, 'অ্যালস্টোনিয়া স্কোলারিস' ইংরেজিতে এটিকে 'দ্য ব্ল্যাকবোর্ড ট্রি', নামেও ডাকা হয়, যা পাণ্ডিত্যের প্রতীক। কারণ এটির কাঠ স্লেটের ফ্রেম, ব্ল্যাকবোর্ড এবং পেন্সিল তৈরির কাজে ব্যবহৃত হত। স্বয়ং নোবেল বিজয়ী রবীন্দ্রনাথ ঠাকুর এই গাছের পাতা পছন্দ করতেন। তাই 'বিশ্বভারতী' বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং শিক্ষার্থীদের সমাবর্তন অনুষ্ঠানে এই গাছটির শাখা পুরস্কার স্বরূপ প্রদানের একটি ঐতিহ্য তিনি শুরু করেন, যাতে শিক্ষাক্ষেত্রে এটির গুরুত্বের মর্যাদা রক্ষা হয়। হিন্দু পুরাণে 'বালি' নামক এক রাক্ষস রাজার পুনর্জন্মের জন্য এটিকে হিন্দিতে 'শয়তান কা পেড়' বা ইংরেজিতে 'দ্য ডেভিলস ট্রি' নামেও অবিহিত করা হয়েছে। ভারতীয় পৌরাণিক কাহিনীতে, দক্ষিণ কন্নড় জেলার তুলু ভাষাভাষী আদিবাসী গণ দীপাবলি উৎসবের অনুষ্ঠানে হিন্দু সম্প্রদায়ভুক্ত এই গাছটির শাখাগুলি সাজিয়ে এর পূজা করেন যেটি 'বালিয়েন্দ্র মারা' নামে পরিচিত। পূজা অনুষ্ঠানে এই গাছটি হল 'বালি' নামক এক রাক্ষস রাজার প্রতীক।